

**শিক্ষা মন্ত্রণালয়ে**

**নতুন এই কম্পিউটার**

**ব্যবস্থা চালু**

**হবে : মজিদ**

দেশব্যাপী শিক্ষা কর্মসূচী ও ব্যবস্থাপনার তথ্য সংগ্রহের জন্য শীগগিরই শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক মন্ত্রণালয়ে একটি কম্পিউটার ব্যবস্থা চালু করা হবে।

বাসসর খবরে প্রকাশ, বৃহস্পতিবার ঢাকায় শিক্ষা, তথ্য ও পরি-সংখ্যান বোর্ডের প্রশিক্ষণ সেমিনারে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে ভাষণ মনিকালে শিক্ষামন্ত্রী ডঃ আব-দুল মজিদ খান একথা ঘোষণা করেন। তিনি বলেন, নির্ভুল ও যথাযথ তথ্যের ওপর নির্ভরশীল এক কম্পিউটার ভিত্তিক পরিকল্পনা ছাড়া এই মন্ত্রণালয়ের বিপুল দায়িত্ব পরিচালনা করা স্বভাবতই অসম্ভব।

তিনি বলেন, কলকাতা-মুম্বই কাজে কম ছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ে একক ভাবে ১০ হাজার অফিসারসহ প্রায় ৩৫ লাখ লোক চকরিতে নিয়ো-জিত। ৪৭ এর দেশ বিভাগের পূর্বে মহাজে ভারতে ব্রিটিশ সরকারের অফিসারদের মেট সংখ্যা ৫ ছিল বর্তমান শিক্ষা মন্ত্রণালয়ের অফিসারদের সংখ্যা তাকে ছাড়িয়ে গেছে।

কম্পিউটার ব্যবস্থাকে সবচেয়ে সুন্দর প্রযুক্তি আখ্যায়িত করে মন্ত্রী বলেন, এই ব্যবস্থা চালু হবার মধ্য দিয়ে ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি পাবে, কাজ কমবে, কর্মসূচী যুক্তিসঙ্গত হবে এবং তথ্য প্রবাহ ত্বরান্বিত হবে। এর ফলে আর্থিক ব্যয়ের প্রেক্ষাপটে এক কর্ষকর শিক্ষা ব্যবস্থা গড়ে উঠবে।

আমলাতান্ত্রিক অদক্ষতা ও উদা-সীনতা প্রসঙ্গ তিনি বলেন, সরকার সর্বদাই শিক্ষাকে প্রত্যেকের দ্বারা পৌঁছে দেবার চেষ্টা করছেন। কিন্তু তাদের সকল মহতী উদ্দেশ্য আমলাতন্ত্রের শিকারে পরিণত হয়েছে।